৪৯/

দৈনিক ইত্তেফাক

তারিখ 3-1-JAN 1993
পৃষ্ঠা ১২ কলাম ৬

## আটটি শিক্ষা প্রতিষ্ঠানে বাস প্রদান

বাসস ।। প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া গতকাল শনিবার ঢাকায় আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে এক অনাড়ম্বর অনুষ্ঠানে আটটি শিক্ষা প্রতিষ্ঠানকে একটি করিয়া বাস প্রদান করেন। সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানদের নিকট

( ১০ম পৃ: ১-এর ক: দ্র: )

## আটটি শিক্ষা প্রতিষ্ঠানে

( শেষ পৃ: পর )

তিনি বাসের চাবি হস্তান্তর করেন। শিক্ষা প্রতিষ্ঠান গুলি হইতেছে : চট্টগ্রামস্থ বাংলাদেশ ইনষ্টিটিউট অব টেকনোলজি, নারায়ণগঞ্জ সরকারী মহিলা মহাবিদ্যালয়, চাঁদপুর সরকারী কলেজ, রাজশাহী বিশ্ববিদ্যালয়, ঢাকাস্থ বদরুন্নেছা গার্লস কলেজ, শহীদ আনোয়ার গার্লস স্কুল ও কলেজ, কুমিল্লাস্থ ভিক্টোরিয়া কলেজ ও বাংলাদেশ ডায়াবেটিক এসোসিয়েশন। যোগাযোগমন্ত্রী অলি আহমেদ, শিক্ষামন্ত্রী জমিরউদ্দীন সরকার, পূর্তমন্ত্রী রফিকুল ইসলাম মিয়া, স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী চৌধুরী কামাল ইবনে ইউসুফ সংস্থাপণ প্রতিমন্ত্রী নুরুল হুদা, ভূমি প্রতিমন্ত্রী কবীর হোসেন এবং সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় ও কলেজসমূহের ছাত্র সংসদের নেতৃবৃন্দ এই সময় উপস্থিত ছিলেন।